

- ০১। এফ এম বিভাগ-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার ফটোকপি।
 ০২। মডুস সার্কেল-১ এর আওতায় ডিফাংক্ট গভীর নলকূপের তালিকা ও বিবরণ।
 ০৩। রোট সিডিউলের কপি।
 ০৪। প্রতিটি কাজের খরচ বিশ্লেষণ।
 ০৫। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Withdrawal of Defunct Pump Motor and well sealing of 4 Nos DTW under different MODS Zone, DWASA. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সংযুক্ত ক্রমিক নং-১ হতে ৫ পর্যন্ত করে দেখা যেতে পারে। এফ.এম. বিভাগ-১ এর আওতাধীন ৬৫০টির অধিক গভীর নলকূপের সাব-পাম্প মোরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এফএম বিভাগ-১ এর মাধ্যমে করা হয়ে থাকে। বিদ্যমান সচল গভীর নলকূপের বিপরীতে পর্যাপ্ত পাম্প মোটর, কলাম পাইপ ও সাব-পাম্প ক্যাবলসহ আনুসঙ্গিক মালামাল মজুদ রাখতে হয়। এফ.এম.বি-১ এর আওতাধীন নতুন/প্রতিস্থাপিত/রিজেনারেশন কূপে পাম্প মোটর স্থাপন ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পানির পাম্পে অতিরিক্ত কলাম পাইপ সংযোগের কাজ করা হয়। বর্তমানে অত্র বিভাগে পর্যাপ্ত পরিমাণে উক্ত মালামাল মজুদ নেই এবং কেন্দ্রীয় ভান্ডার বিভাগেও কোন কলাম পাইপ মজুদ নেই। সে কারণে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে বিভিন্ন ডিফাংক্ট গভীর নলকূপ হতে পাম্প মোটর, কলাম পাইপ, ক্যাবল ও আনুসঙ্গিক মালামাল উত্তোলন করতঃ বিভাগীয় ওয়ার্কসপে পরিষ্কার ও রং করে পুনরায় নতুন/প্রতিস্থাপিত/রিজেনারেশনকৃত/পূনর্বাসনকৃত গভীর নলকূপে স্থাপন করে কাজ চালানো হচ্ছে। যে সকল পাম্প স্টেশনে প্রতিস্থাপিত গভীর নলকূপ চালু হয়েছে সেখানে প্রকল্পের ঠিকাদার কর্তৃক ডেলিভারী লাইন করার সময় বড় বড় গর্ত সৃষ্টি হয়েছে। তাছাড়া ডিফাংক্ট গভীর নলকূপের পাম্প মোটর, কলাম পাইপ ক্যাবল ও অন্যান্য মালামাল উত্তোলন শেষে খালি কূপ স্বল্পতম সময়ে সঠিকভাবে এম.এস বন্ড প্রুট দ্বারা সিল করে বন্ধ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের জোর নির্দেশনা রয়েছে। বর্তমানে ডিএমএ এলাকায় প্রেসারাইজড সিস্টেম পানি সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে ও এলাকায় পানির চাহিদা বৃদ্ধি পাওয়ায় মডুস জোন সমূহের চাহিদা অনুযায়ী গভীর নলকূপের পানি উৎপাদন বৃদ্ধি করার লক্ষ্যে বিভাগীয় জনবল দ্বারা প্রতি দিন ৩ শিফটে পাম্প মোটর পরিবর্তন/ব্রেক ডাউন কাজ করানো হচ্ছে। তাছাড়া আলোচ্য পাম্প স্টেশনগুলোতে আরসিসি জয়েন্ট ও কাজের প্রয়োজনীয় ওয়ার্কিং স্পেস না থাকার কারণে কাজটি বেশ কষ্ট স্বাধ্য হওয়ায় মার্কেট হতে লেবার সংগ্রহ করতঃ কাজ সম্পাদন করতে হবে। সে প্রেক্ষিতে মডুস সার্কেল-১ এর আওতাধীন ০৪টি পরিত্যক্ত কূপ হতে পাম্প মোটর, ক্যাবল, কলাম পাইপ ও আনুসঙ্গিক মালামাল উত্তোলন করতঃ খালি কূপ এম.এস বন্ড প্রুট দ্বারা সিল করে বন্ধ করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রোট সিডিউল-২০১১ এর ভিত্তিতে একটি খরচের হিসাব প্রস্তুত করা হয়েছে। আলোচ্য খরচ হিসাবের আলোকে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে, যাতে ঢাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট= ৪৯,৭৯২/- (উনপঞ্চাশ হাজার সাতশত বিরানব্বই মাত্র) টাকা। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-৪৮ এর থোক বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

০২। অত্র বিভাগের আওতাধীন বিভিন্ন নতুন/প্রতিস্থাপিত/রিজেনারেশনকৃত/পূনর্বাসনকৃত গভীর নলকূপে কলাম পাইপ স্থাপন কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদন করা প্রয়োজন বিবেচনায় নিয়ে পিপিআর-২০২৫ এর ৯৯ এ ১এর (ড) ধারামতে সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) কাজটি সম্পাদন করা যেতে পারে।

০৩। এমতাবস্থায় Withdrawal of Defunct Pump Motor and well sealing of 4 Nos DTW under different MODS Zone, DWASA কাজে উপস্থাপিত =৪৯,৭৯২/- (উনপঞ্চাশ হাজার সাতশত বিরানব্বই মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ ঠিকাদারী প্রতিষ্ঠান “বিসমিল্লাহ ট্রেড ইন্টারন্যাশনাল” এর মাধ্যমে পিপিআর-২০২৫ এর ৯৯ এ ১এর (ড) ধারামতে সরাসরি ক্রয় কার্য হিসাবে সম্পাদন করার সদয় অনুমোদন করা যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৬/০২/২৬
 মোঃ আবুল হোসেন
 উপ-সহকারী প্রকৌশলী
 এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

০৬/০২/২৬
 মোঃ গোলাম মোস্তফা
 সহকারী প্রকৌশলী
 এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

০৬/০২/২০২৬
 মোঃ নওশাদ আলম
 নির্বাহী প্রকৌশলী
 এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

০৬/০২/২৬
 মোঃ আঃ লতিফ
 সহকারী প্রকৌশলী
 মার.পি.ই এন্ড এম সার্কেল
 ঢাকা ওয়াসা।

০৪/০২/২৬
 ০৪/০২/২৬
 RAE + M Cur
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।

০৬/০২/২০২৬
 ০৬/০২/২০২৬
 ০৬/০২/২০২৬